



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৪৫২৫

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/ ১৭৭/১০

তারিখঃ ২৩/০২/২০১৭খ্রিঃ

বিষয় : গভার্ণিং বডি বহাল এবং অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

- সূত্র :
- ১) স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০০.০১২.১৭-৮৯৩/১(৩); তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০১৭
 - ২) নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/১৩৬/৩; তারিখঃ ০৭/০২/২০১৭খ্রিঃ
 - ৩) নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/৩৯০৪/৩; তারিখঃ ২৭/১২/২০১৬খ্রিঃ
 - ৪) নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/৩৭৭০/৩; তারিখঃ ০১/১২/২০১৬খ্রিঃ
 - ৫) স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০২-১৬-৫০২; তারিখঃ ২৯/০৯/২০১৬খ্রিঃ
 - ৬) নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/৩৫১৩/৩; তারিখঃ ২৫/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলাধীন চর বারইটারী সিনিয়র মাদরাসার গভার্ণিং বডির শিক্ষক প্রতিনিধি-০৩ জন ও অভিভাবক সদস্য-০৩ জন বিভিন্ন কারণে স্বেচ্ছায় পদত্যাগ পত্র প্রদান করায় বিদ্যমান গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ৬নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সূত্রোক্ত ৫নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডির ০৬ জন সদস্যের পদত্যাগের বিষয়টি প্রমানিত হয়েছে।

তদন্ত প্রতিবেদনের আলোকে গভার্ণিং বডির সদস্যগণের পদত্যাগ জনিত কারণে নিয়মিত সভা অনুষ্ঠানের কোরাম না থাকায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ৪নং স্মারকে অধ্যক্ষ ও সভাপতিকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি কোন জবাব দাখিল করেননি। ভারপ্রাপ্ত সুপার এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদনপত্র দাখিল করেন।

পরবর্তীতে প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৫১৭/২/নথি নং- কুড়ি-০৯; তারিখঃ ১৫/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে ভেঙ্গে দেয়া হয়।

অপরদিকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে “স্বাক্ষর জাল জালিয়াতি করে ভূয়া পদত্যাগপত্র তৈরি, বোর্ডের পত্র গোপন করে উপজেলা নির্বাহী অফিসার এর স্বাক্ষর জাল করে ভূয়া স্মারকের প্রতিবেদন বোর্ডে দাখিল করেছেন” মর্মে উল্লেখ করে বোর্ড কর্তৃক গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি ভেঙ্গে দেয়া সংক্রান্ত সূত্র ১নং স্মারক পত্রটি বাতিল করার জন্য কমিটির সদস্যবৃন্দ আবেদন দাখিল করেন। আবেদনের পেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক সূত্রোক্ত ৫নং স্মারকে প্রেরিত প্রতিবেদনটির সঠিকতা যাচাই পূর্বক মতামতসহ বোর্ডকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রে বর্ণিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তার কার্যালয় হতে সূত্রোক্ত ৫নং স্মারকে কোন প্রতিবেদন প্রেরণ করা হয়নি।

বর্ণিত অবস্থায়-

ক) অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি ভেঙ্গে দেয়া সংক্রান্ত অত্র দপ্তরের নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৯০৪/৩; তারিখঃ ২৭/১২/২০১৬খ্রিঃ স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো অর্থাৎ বোর্ড কর্তৃক নং- বামাশিবো/প্রশা/১৫১৭/২/নথি নং- কুড়ি-০৯; তারিখঃ ১৫/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি বহাল থাকবে; এবং

খ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য উক্ত গভার্ণিং বডির সভাপতি পদ হতে পদত্যাগ করায় এবং জনাব মোঃ ওয়াহেদুজ্জামান, পিতা- মৃত আব্দুর রহমান-কে সভাপতি পদে মনোনয়ন প্রদানের সুপারিশ করায় গভার্ণিং বডির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ ওয়াহেদুজ্জামানকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদান করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, চর বারইটারী সিনিয়র মাদরাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/ ১৭৭/১৭

তারিখঃ ২৩/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. জনাব মোঃ ওয়াহেদুজ্জামান, পিতা- মৃত আব্দুর রহমান, গ্রাম- দেওয়ানের খামার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, চর বারইটারী সিনিয়র মাদরাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪